



লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
(কলেজ পারফরমেন্স র্যাংকিং-এ জাতীয় পর্যায়ে সেরা মহিলা কলেজ ও মডেল কলেজ)
আবাসিক/অনাবাসিক

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ (সম্মান) শ্রেণির ভর্তির কার্যক্রমে অনলাইনে প্রাথমিক আবেদন ০৫/০৪/২০২৩ থেকে ০৮/০৫/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত চলবে। এ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাশ ০১ জুন ২০২৩ তারিখ থেকে শুরু হবে।

ভর্তির যোগ্যতা: ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উনুক বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০২১/২০২২ সালের এইচএসসি/সম্মান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ও ২০১৯/২০২০ সালের এসএসসি/সম্মান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৬.৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উনুক বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০২১/২০২২ সালের এইচএসসি/সম্মান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ও ২০১৯/২০২০ সালের এসএসসি/সম্মান পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) পৃথকভাবে ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৭.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র (i) এইচএসসি (ভোকেশনাল) (ii) এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট) (iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ-১ এর খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।
ঘ) O-Level ও A-Level পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদেরকে স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সাদা কাগজে লিখিত আবেদন করতে হবে।

আবেদন প্রক্রিয়া: আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Honours Tab এ Apply Now (Honours) অপশনে ক্লিক করে ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সম্মান পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবোর্ড, পাসের সন ও একটি নিবন্ধিত মোবাইল নম্বর (নিজের অথবা অভিভাবকের) সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female অথবা Female স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক Gender এন্ট্রি দিতে হবে। আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী ঢাকা বিভাগ ও ঢাকা জেলাস্থ লালমাটিয়া সরকারি মহিলা কলেজ সিলেক্ট করলে ভর্তি যোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সর্বকর্তার সাথে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে। অতঃপর আবেদনকারীকে সম্প্রতি তোলা পাসপোর্ট আকারের রঙিন ছবি স্ক্যান করে আপলোড করতে হবে। ছবি মাপ হবে 120 X 150 pixels, Image Type: Jpg এবং maximun file size : 50Kb. প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি প্রাথমিক আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে। সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে Submit Application অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে। বিস্তারিত জানা যাবে: জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) ও কলেজের ওয়েব সাইটে (www.lalmatiyamohilacollege.edu.bd).

অনার্স ভর্তি রোল নম্বর পাওয়ার পর উক্ত রোল নম্বর ব্যবহার করে প্রাথমিক আবেদন ফি বাবদ নীট (চার্জ ব্যতীত) ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা মোবাইল ব্যাংকিং (বিকাশ ০১৭৫২০০৫০৭১) এর মাধ্যমে জমা দিতে হবে। বিকাশে টাকা পাঠানোর সময় রেফারেন্স নম্বরে তার ভর্তি রোল নম্বর দিতে হবে।

অ্যাপ দিয়ে যেভাবে পেমেন্ট বিকাশ করবেন:

- ১। বিকাশ অ্যাপ হোমস্ক্রিন থেকে পেমেন্ট সিলেক্ট করে লালমাটিয়া সরকারি মহিলা কলেজ এর বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ টাইপ করুন।
- ২। টাকার পরিমাণ দিন ২৫০+৩ (বিকাশ চার্জ) ২৫৩ টাকা। ২৫৩ টাকা না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
- ৩। রেফারেন্স হিসেবে অনার্স ভর্তির রোল নম্বর এন্ট্রি দিন। রোল নম্বর না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
- ৪। বিকাশে পেমেন্ট সম্পন্ন করতে ট্যাপ করে কিছুক্ষণ ধরে রাখুন।

***২৪৭# ডায়াল করে যেভাবে পেমেন্ট বিকাশ করবেন:**

- ১। *২৪৭# ডায়াল করুন এবং মেন্যু থেকে ৪ চেপে পেমেন্ট বেছে নিন।
- ২। লালমাটিয়া সরকারি মহিলা কলেজের বিকাশ নম্বর ০১৭৫২০০৫০৭১ টাইপ করুন।
- ৩। আবেদন ফি বাবদ ২৫০+৩ (বিকাশ চার্জ) ২৫৩ টাকা এন্ট্রি দিন।
- ৪। রেফারেন্স হিসেবে অনার্স ভর্তির রোল নম্বর দিন। রোল নম্বর না দিলে পেমেন্ট সঠিক ধরা হবে না।
- ৫। কাউন্টার নম্বর ১ লিখে সেন্ড করুন এবং আপনার বিকাশ অ্যাকাউন্ট এর পিন নম্বর দিয়ে সেন্ড করুন।

এছাড়াও কলেজে উপস্থিত হয়ে অনলাইনে আবেদন ফরম পূরণ ও জমা দেয়া যাবে।

যে সকল শিক্ষার্থী ২৫০/- টাকা জমা দিবে তাদের প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা হবে। কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হলে শিক্ষার্থীদের মোবাইলে নিশ্চয়ন সংক্রান্ত SMS যাবে। এছাড়াও www.nu.ac.bd/admissions এ Applicant Login গিয়ে রোল নম্বর ও পিন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিয়ে কলেজ কর্তৃক আবেদন ফরম নিশ্চয়ন করা হয়েছে কি না তা জানা যাবে।

লালমাটিয়া সরকারি মহিলা কলেজের অনার্স বিষয়সমূহ :

- ১। বাংলা, ২। ইংরেজি, ৩। গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান, ৪। গার্হস্থ্য অর্থনীতি, ৫। সমাজবিজ্ঞান, ৬। সমাজকর্ম, ৭। রাষ্ট্রবিজ্ঞান, ৮। অর্থনীতি, ৯। হিসাববিজ্ঞান, ১০। ব্যবস্থাপনা, ১১। মার্কেটিং, ১২। ফিন্যান্স এণ্ড ব্যাংকিং, ১৩। পদার্থবিজ্ঞান, ১৪। রসায়ন, ১৫। উদ্ভিদবিজ্ঞান, ১৬। প্রাণিবিজ্ঞান, ১৭। গণিত, ১৮। ভূগোল ও পরিবেশ।